

বেবী সাউ

লাশ

নগ্নভাবে শুয়ে আছে এই ভূমি, ভূমিকাবশত
চারপাশে কাটা দেহ, লিঙ্গ স্তন গড়াগড়ি যায়
ক্যামেরার সাদা আলো শরীর চেনায় তাকে। আর
অধিকার আছে ভেবে এ দেহ কাশ্মীর হয়ে যায়

শিয়রে মৃতের খাল কুমীরেরা হেঁটে আসে রোজ
ভয়ানক দাঁতে লেগে ছেঁড়া ত্বক, আপেলের দাগ
এ ভূমি কাহার হবে প্রকৃত প্রস্তাবে? কে যে দেবে
অন্ন ভূমি! বাসস্থান? কে তাকে চেনাবে এ অস্থির
সময়? দেবে কী তুলে মৌণ মিছিলের মতো করে
অধিকার? চাহিদা এই... ভারতীয় সেনা
তুমি। জ্বলন্ত বন্দুক। উপত্যকাভূমি ছেড়ে যাও...
এ দেহ আসলে জলাভূমি ভারতের সীমা ভেবে
বারবার তাকে তুমি খাবে! মৃত সাঁকো... অন্ধকার

এ শরীর অধিকার সামান্যই, তবু তাকে নিয়ে
খুবলায়। কাটে। মারে। কাশ্মীরের মতো ছিঁড়ে ফেলে...

৩

গেল বার রাস ছিল, খাসির মাংসের দাম দিল বলে, ঐ আহীর যুবক,
তাকে তুমি যৌবন দিলে? মেল ট্রেনে গলা দেব আমি। কংসের সাথে
মিত্রতা করে এ গোকুল আমি জ্বালিয়ে পুড়িয়ে দেব।

আমি কি ধার করে বাইক কিনিনি? মদের দোকানে আমি মাহিনায় কতবার
যাই? তোমার কাকার মেয়ে সন্ধ্যাতারা, তাকে আমি লুকিয়ে দেখি না আর।
তোমার কাকার মেয়ে সন্ধ্যাতারা,
তোমার কাকার মেয়ে সন্ধ্যাতারা
সারারাত জ্বলে, যেন কাঁচপোকা টিপ
মেখে মেখে ঢেকে যায়

আমি হে আজব কামুক, নিধুবনে কাল গেল, কতকাল আকাশ দেখি না...